

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
কর্মসংস্থান শাখা-০৩  
www.probashi.gov.bd

নং-৪৯.০০.১০২.১১.০৮৬.২০১৪(অংশ-১). ৩৮৪

তারিখ : ১০/০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : নিয়োগ অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স মেটকো এন্টারপ্রাইজ (আরএল-২৫০) এর আবেদন ও বাংলাদেশ দূতাবাস রিয়াদ, সৌদি আরবের সত্যায়নের প্রেক্ষিতে সৌদি আরবের নিয়োগকর্তা SRACO COMPANY এর অধীনে General Building Cleaner পদে ১০০ (একশত) জন কর্মীর নিম্নবর্ণিত শর্তে নিয়োগ অনুমতি প্রদান করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
SRACO COMPANY	General Building Cleaner	১০০ (একশত) জন মহিলা	৮০০	খাবার, বাসস্থান, চিকিৎসা, ইউনিফর্ম এবং যাতায়াত ফ্রি; চুক্তির মেয়াদ-০২ বছর; বিমান ভাড়া- উভয় পথ ফ্রি; কর্মঘন্টা-০৮ ঘন্টা, সপ্তাহে ০৬ দিন; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সৌদি আরবের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় ১,২৩,০০০/- (এক লক্ষ তেইশ হাজার) টাকা টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরব এর শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য (Enjaz IT) যাচাই করতে হবে।



- (ঝ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।  
 (ঞ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।  
 (ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।  
 (ঠ) ০১ জুলাই, ২০১৭ খ্রিঃ থেকে ডাটাবেইজ কার্যকর হওয়ায় মহাপরিচালক (বিএমইটি) ডাটাবেইজ থেকে কর্মী নেয়ার বিষয়টি বিবেচনা করবে।

স্বাঃ

(ড. মাসুমা পারভীন)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোনঃ ৯৩৫৫১৩৬

ই-মেইল:sasemployment3@probashi.gov.bd


মহাপরিচালক  
 জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
 প্রবাসী কল্যাণ ভবন  
 ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.১০২.১১.০৮৬.২০১৪(অংশ-১). ৩৫৯

তারিখ : ১০/০৮/২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ ( সদয় অবগতি/কার্যার্থে)

- ১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব : চাহিদাপত্র ও ক্ষমতাপত্র সংযুক্তকরতঃ নিয়োগকারীর যথার্থতা যাচাই এবং ফলো-আপ করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। কোনো কর্মীর স্বার্থহানিসহ কোনো অনিয়ম গোচরীভূত হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেও অনুরোধ জানানো হলো।।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। যুগ্মসচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৭। স্বত্বাধিকারী, মেটকো এন্টারপ্রাইজ প্লট-৩, রব ভবন (২য় তলা), গুলশান সার্কেল-২, ঢাকা-১২১২।
- ৮। অফিস কপি।



(ড. মাসুমা পারভীন)  
 সিনিয়র সহকারী সচিব